



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোন: ০২৩৩৪৪১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্র.বি/২০০৯/৪৬১

তারিখ: ২৬/০৩/২০২৪ খ্রি.

প্রেসরিলিজ

কুবিতে স্বাধীনতা ও জাতীয় দিবসের আলোচনায় “স্বাধীনতা” শব্দের অর্থ ও মূল্যের প্রতি আলোকপাত

বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে পালিত হয়েছে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস। দিবসটি উপলক্ষে বিশ্ববিদ্যালয় পরিবারের সদস্যরা শহিদ মিনারে ও বঙ্গবন্ধুর ভাস্কর্যে ফুল দিয়ে মুক্তিযোদ্ধা ও শহিদদের প্রতি শ্রদ্ধা জানায়।

আজ সকাল ১০ টায় মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ এফ এম আবদুল মঈনের নেতৃত্বে প্রশাসনিক ভবনের সামনে থেকে স্বাধীনতা দিবসের র্যালী শুরু হয়। কেন্দ্রীয় শহিদ মিনারে উপাচার্যের নেতৃত্বে বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদনের কর্মসূচি শুরু হয়। এরপর শিক্ষক সমিতি, কর্মকর্তা পরিষদ, তৃতীয় শ্রেণি সাধারণ কর্মচারী, কর্মচারী সমিতি, বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলো, বিভিন্ন বিভাগ, শাখা ছাত্রলীগসহ বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন শহিদ মিনারে ফুল দিয়ে শহিদদের প্রতি শ্রদ্ধা জানায়।

পুষ্পার্ঘ্য অর্পণ শেষে সংক্ষিপ্ত আলোচনা সভায় মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ এফ এম আবদুল মঈন বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীনতার ঘোষণা করলেও একটি গোষ্ঠী সেই ইতিহাস বিকৃতির চেষ্টা করেছিল, এবং তারা এর মাধ্যমে একটি মিথ্যার সংস্কৃতি তৈরি করেছিল। এই মিথ্যাচার সংস্কৃতি আজও আমাদের মধ্যে আছে। স্বাধীনতার পর কোন কোন আল বদর, আল শামসরা মুক্তিযোদ্ধা সাজার চেষ্টা করেছে, জয় বাংলা স্লোগান দিয়েছে। অথচ তারা পরবর্তীতে অগ্নিসন্ত্রাস, রেল নাশকতা করেছে, সংখ্যালঘুসহ অনেক নারীদের উপর নির্যাতন করেছে। স্বাধীনতা, বাংলাদেশ, জয় বাংলা, বঙ্গবন্ধু এসব মুখে বললেই যে স্বাধীনতার পক্ষের সৈনিক হওয়া যাবে তা কিন্তু নয়, এটি হৃদয়ে ধারণ করতে হবে। আমাদের সতর্ক হতে হবে যেন এই শক্তি আমাদের মাঝে মিশে গিয়ে আর যেন স্বাধীনতার ক্ষতি না করতে পারে।

তিনি আরও বলেন, স্বাধীনতা, স্বাধিকার এর মানে এই নয় যে, অন্যের অধিকার লুপ্তি করা। নিজের দায়িত্ব পালন না করে অন্যকে জিম্মি করে কোন কিছু আদায় করা করে অধিকার হতে পারে না। কেহ যেন স্বাধীনতার নামে অপকর্ম না করতে পারে এবং তা স্বাধীনতার ট্যাগ দিয়ে হাসিল করতে না পারে তার প্রতি আমাদের নজর রাখতে হবে। যদি আমরা নিজেদের অধিকার, দায়িত্ব এবং অন্যের অধিকার, দায়িত্বের প্রতি সচেতন থাকি তাহলে শহিদদের প্রতি সম্মান জানানো হবে।

(মোহাম্মদ এমদাদুল হক)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা-৩৫০৬

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ড্রেজারার (ড্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি